

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।
(ভূমি অধিগ্রহণ শাখা)
www.dchabiganj.gov.bd

এল এ মামলা নং ০৬/২০২২-২০২৩

(যৌথ তদন্তের চূড়ান্ত তালিকার গণবিজ্ঞপ্তি)


(স্বাব সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ১২ নং নির্দেশ মোতাবেক)

জারীর নম্বর - ২৯৬

তারিখ: ২০/৫/২০২৩ খ্র.

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি এডিবি এর অর্থায়নে সাপোর্ট টু ঢাকা (কাঁচপুর)-সিলেট-তামাবিল মহাসড়ক চার লেনে উন্নীতকরণ এবং উভয় পার্শ্ব পৃথক সার্ভিস লেন নির্মাণ প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাধীন মিনাজপুর, মিঠাপুর ও দেওতৈল মৌজার জমি জনপ্রয়োজনে ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন হওয়ায় সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হয়েছে বিধায় জারীকৃত ৪ (১) ধারার নোটিশে উল্লিখিত তারিখ ও সময়ে ভিডিও ও স্থির চিত্র ধারণসহ সরেজমিন পরিমাপ ও যৌথ তদন্ত সম্পন্ন করে সকল তথ্য সমন্বিত করে যৌথ তদন্তের তালিকা প্রস্তুত করে পরবর্তীতে যৌথ তদন্তের তালিকা ও ভূমির শ্রেণী চূড়ান্ত করা হয়েছে। এতদ্বারা স্বাব সম্পত্তি ও হুকুম দখল আইন ২০১৭ এর বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ১২ নং নির্দেশ মোতাবেক যৌথ তদন্তের চূড়ান্ত তালিকা ক্ষতিগ্রস্ত/স্বার্থ সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হলো।

অদ্য ২০-০৫-২০২৩ খ্রিঃ তারিখ হতে পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অধিগ্রহণের জন্য বর্ণিত সম্পত্তি মালিকানা/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণ স্বাব সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ৪ (৮) ধারার বিধান অনুসারে বিভাগীয় কমিশনারের নিকট যৌথ তদন্ত তালিকায় অবকাঠামো/ঘরবাড়ি অন্তর্ভুক্ত না হওয়ার বিরুদ্ধে আবেদন করতে পারবেন এবং যৌথ তদন্ত প্রকাশিত জমি মালিকানা স্বার্থ সংশ্লিষ্টতা সম্পর্কিত বিষয়ে জেলা প্রশাসক হবিগঞ্জ এর নিকট আপত্তি দাখিল করা যাবে।



(ইশরাত জাহান)

জেলা প্রশাসক

হবিগঞ্জ

ফোন - ০৮৩১-৬২১০০

ই-মেইল-dchabiganj@mopa.gov.bd

স্মারক নং ০৫.৪৬.৩৬০০.০১৯.০৩.০১১.২০২৩- ২২৫(৫)

তারিখ-২০/০৫/২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগিত ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ সিলেট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
- ৩। সহকারী কমিশনার (ভূমি), নবীগঞ্জ, হবিগঞ্জ।
- ৪। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ইনাতগঞ্জ/গোপলারবাজার/পানিউমুদা।
- ৬। প্রকল্পের নিকটবর্তী সুবিধাজনক স্থানে ক্ষতিগ্রস্ত/স্বার্থ সংশ্লিষ্ট সকলের প্রদর্শন-



(মোঃ আশাদুল হক)

ভূমি অধিগ্রহণ কর্মকর্তা

হবিগঞ্জ।